
PS 14 Senator John D. Calandra
Ira Schulman, Principal
Teresa Gerstner, Asst. Principal
Dr. Erika Tobia, Superintendent

হ্যালো PS 14 পরিবারবর্গ,

আমাদের উপস্থিতির নতুন নিয়ম-নীতি সম্পর্কে আপনাকে অবহিত করার জন্যে এই চিঠিটি বাড়িতে পাঠানো হচ্ছে। শিক্ষার্থীদের প্রতিদিন স্কুলে আসা অত্যন্ত গুরুত্বপূর্ণ, এবং আরো ভালো উপস্থিতির জন্যে মনোনিবেশ প্রদানকে আমাদের অগ্রাধিকার হিসেবে নিয়েছি। বর্তমানে, আমাদের স্কুলের 21% ধারাবাহিকভাবে অনুপস্থিত। এর মানে হচ্ছে যে PS 14-এর 21% শিক্ষার্থীর 10% অথবা বেশি পড়াশোনা বাদ পড়ছে।

## উপস্থিতি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য

- শিক্ষা বছরের শেষে 18 দিন অনুপস্থিত থাকলে একজন শিক্ষার্থীকে ধারাবাহিকভাবে অনুপস্থিত ধরা হয়। স্কুল দিবসের 10% অনুপস্থিত থাকা = শিক্ষা বছরের 18 দিন, অথবা প্রতি মাসের প্রায় 2 দিন।
- গবেষণায় দেখা গেছে, যেসব শিক্ষার্থী 10% অথবা এর বেশি স্কুল দিবসে অনুপস্থিত থাকে, তারা:
    - ম্যাথ এবং রিডিংয়ে নিম্নমানের ফলাফল করছে
    - পরীক্ষার স্কোর অপেক্ষাকৃত কম হয়
    - ভবিষ্যত গ্রেডগুলোতেও উপস্থিতি খারাপ হয়
- প্রতি কয়েক সপ্তাহে শিক্ষার্থীরা এক অথবা দুই দিন অনুপস্থিত থাকলেও তারা পিছিয়ে পড়ে।
- অনুপস্থিত থাকলে পড়তে শেখা দুরূহ হয়ে যায়।
- নিয়মিত স্কুলে উপস্থিতি শিক্ষার্থীদেরকে স্কুল সম্পর্কে—এবং তাদের নিজেদের সম্পর্কে ভাল বোধ করতে সহায়তা করে




## 2020-এর নভেম্বর থেকে স্কুলব্যাপী উপস্থিতির নতুন নিয়ম-নীতি

ধারাবাহিক অনুপস্থিতির সমস্যা মোকাবিলা করতে, এবং আমাদের শিক্ষার্থীরা যেন প্রতিদিন স্কুলে উপস্থিত হয় সেজন্যে, স্কুল অ্যাটেনড্যান্স টিম (স্কুলের উপস্থিতির দল) সবাইকে একই দৃষ্টিভঙ্গিতে নিয়ে আসায় এবং একই লক্ষ্যে কাজ করার জন্যে নতুন নিয়ম-নীতি প্রবর্তন করেছেন।

1. 3-টি অনুপস্থিতির পর (অনবরত অথবা বিক্ষিপ্ত) আপনার সন্তানের শিক্ষক আপনার সাথে যোগাযোগ করবেন। যদি 3 বার চেষ্টা করার পর যোগাযোগ করা সম্ভব না হয়, তবে মিজ. রড্রিগেজ (Ms. Rodriguez) (গাইডেন্স)-কে অবহিত করা হবে। যোগাযোগ করার চেষ্টার মধ্যে রয়েছে:
    a. স্বয়ংক্রিয় ফোন কল
    b. শিক্ষক/গাইড্যান্স-এর ফোন কল
    c. সময়সূচি করা বা হঠাৎ করে সামনাসামনি উপস্থিতি সংক্রান্ত আলাপচারিতা

2. যখন দূর থেকে বা রিমোটভাবে শিক্ষা গ্রহণ করছে তখন উপস্থিত গণ্য হতে আপনার সন্তানকে অবশ্যই শিক্ষকের সাথে সম্পৃক্ত হতে হবে। সম্পৃক্ততার মধ্য অন্তর্ভুক্ত:
    a. গুগল মিটস্ (google meets)-এ উপস্থিত থাকা
    b. গুগল্ ক্লাসরুম (google classroom)-এ প্রশ্নের উত্তর দেয়া
    c. অ্যাসাইনমেন্ট জমা দেয়া।

## অনুপ্রেরণাদায়ক পুরস্কার

আপনাদের সন্তানদের প্রতিদিন রিমোট শিক্ষায় সাইন অন করতে এবং সশরীরে প্রতিদিন উপস্থিত হতে উৎসাহিত করতে, আমরা স্কুল থেকে কতগুলো উপস্থিতির জন্য অনুপ্রেরণাদায়ক পুরস্কার প্রদান বাস্তবায়ন করবো। সেগুলো সম্পর্কে নিচে পড়ুন।

1. **সাপ্তাহিক রহস্যময় অতিথি!**
   a. থ্যাংকস্‌গিভিং সপ্তাহ থেকে শুরু করে, প্রতি সপ্তাহে, PS 14-এ একজন নতুন রহস্যময় অতিথি উপস্থিত হবেন।
   b. অতিথি হতে পারেন কোনো অতি প্রিয় স্টাফ সদস্য, একটি উদ্দীপনাময় পেশায় নিয়োজিত কোনো ব্যক্তি, এমনকি কোনো খ্যাতনামা ব্যক্তি বা সেলিব্রিটি।
   c. প্রতিদিন 1-টি করে সূত্র পেতে আপনার সন্তানকে অবশ্যই উপস্থিত থাকতে হবে।
   d. গুগল মিটস্‌ (Google Meets) অথবা জুম (Zoom)-এর (পরে নির্ধারিত হবে) মাধ্যমে, প্রতি শুক্রবার স্কুলব্যাপী (ভার্চুয়াল) একটি উদ্দীপনাময় উন্মোচন অনুষ্ঠান হবে। প্রতিটি অনুষ্ঠানের আগে একটি লিংক পাঠানো হবে।
   *e. সঠিক উত্তরদাতাদের মাঝ থেকে প্রতি সপ্তাহে এক (1) জন একটি পুরস্কার পাবে।*
   *f. অংশগ্রহণ করতে শিক্ষার্থীদের অবশ্যই **ঐ সপ্তাহে** সম্পূর্ণ উপস্থিতি থাকতে হবে।*

2. **উপস্থিতির পুরস্কার সেসব শিক্ষার্থীদের দেয়া হবে যারা প্রতি মাসে 96% উপস্থিতি অর্জন করে অথবা 5% উন্নতি প্রদর্শন করে।**
   a. পুরস্কার পরে নির্ধারিত হবে এবং ভিন্ন ভিন্ন হবে। সেগুলো মাসিক ভিত্তিতে বিতরণ করা হবে।
   b. পুরস্কার (বস্তুগত না হলে) গ্রেড ভিত্তিক হবে (ভার্চুয়াল নাচের অনুষ্ঠান, মুভি নাইট, ইত্যাদি)
   c. গুগল্‌ ক্লাসরুম (Google Classroom) এবং PS14 ওয়েবসাইটে উভয় একক উপস্থিতির সুপারস্টারদের এবং যেসব ক্লাসে সর্বোচ্চ উপস্থিতি থাকবে তাদের সাপ্তাহিক ভিত্তিতে প্রশংসামূলক ঘোষণা বা শাউটআউট দেয়া হবে।

3. **সারা বছরব্যাপী বিশেষ ড্রাইভ থ্রু/গ্র্যাব অ্যান্ড গো পুরস্কার বিতরণী অনুষ্ঠান**
   a. শিক্ষার্থীরা একটি সার্টিফিকেট/PAW অ্যাওয়ার্ড পাবে
   b. এছাড়াও শিক্ষার্থীরা একটি ছোট পুরস্কার বেছে নিতে পারবে (অথবা প্রাইজ হুইল ঘোরাবে)

### ভাল উপস্থিতি এবং উপস্থিতি সংক্রান্ত আলাপচারিতার পয়েন্টগুলো সম্পর্কে কিছু পরামর্শ:

- নিয়মিত ঘুমের সময় ও সকালের সূচি ধার্য করুন।
- আগের রাতেই পোশাক ও ব্যাকপ্যাক গুছিয়ে রাখুন (সশরীরের দিনগুলোর জন্য)।
- একটি নিরিবিলি, গোছানো ওয়ার্ক স্টেশন তৈরি করুন। পরামর্শগুলো এখানে দেখুন।
- আপনার সন্তানকে কি স্কুলে যাবার ব্যাপারে উদ্বিগ্ন মনে হচ্ছে?
  - কীভাবে আপনার সন্তানকে স্কুলে স্বাচ্ছন্দ্য বোধ করানো যায় এবং শেখায় উৎসাহিত করা যায়, সেবিষয়ে উপদেশের জন্যে শিক্ষক, স্কুল কাউন্সিলর, অথবা অন্য পিতামাতাদের সাথে আলাপ করুন।
- বিশেষ পরিস্থিতিতে স্কুলে উপস্থিত হবার জন্যে বিকল্প ব্যবস্থা করে রাখবেন।
  - পরিবারের একজন সদস্য, প্রতিবেশী, অথবা অন্য পিতামাতাদের ফোন করুন।
- পাঁচ (5) মিনিট আগে সাইন অন অথবা কম্পিউটারের সম্মুখে বসার চেষ্টা করুন, যেন আপনার তাড়াহুড়ো করতে না হয়।
- কোনো প্রযুক্তিগত সমস্যা থাকলে তা স্কুলকে অবহিত করুন।

## PS 14-এর সংস্থান বা রিসোর্সসমূহ:

- স্কুল কাউন্সেলর, সোশ্যাল ওয়ার্কার, ফ্যামিলি ওয়ার্কারবৃন্দ
  - ড্যানিল্ডা রড্রিগেজ (Danilda Rodriguez): DRodriguez33@schools.nyc.gov
  - জোয়েল কারানজা (Joel Carranza): jcarranza@schools.nyc.gov
- কমিউনিটি স্কুল ডিরেক্টর

    - কার্লি অয়্যালা (Carly Ayala): Cayala@ucsuft.org
- প্যারেন্ট কোঅর্ডিনেটর
    - সুজেট্ ডিসেক্যেও (Suzette Dicecceo): SDicecco@schools.nyc.gov
    - ভার্চুয়াল অফিস সময়সূচি M-T 10:00-11:00, F 12:00-1:00
- সকলের জন্যে ব্রেকফাস্ট এবং লাঞ্চ
- দন্ত বা ডেন্টাল (সশরীরে ফিরে আসার পর)
- দৃষ্টি বা ভিশন (সশরীরে ফিরে আসার পর)
- পিতামাতাদের কর্মশালা
- সাপ্তাহিক নিউজলেটার (তথ্যের জন্য ওয়েবসাইট ভিজিট করুন)
- মনে করিয়ে দেয়ার জন্য টেক্সট

**মনে রাখবেন:**

- আপনার সন্তানের যদি অনুপস্থিত থাকতে হয় তবে ফোন করতে ভুলবেন না
- যখন আপনার সন্তান অনুপস্থিত থাকবে তখন তার স্কুলের কাজে যেন পিছিয়ে না পড়ে তা নিশ্চিত করুন
- ***একটি মার্জনাকৃত অনুপস্থিতিও, অনুপস্থিতি হিসেবেই গণনা করা হয়***